# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ আহল বাইত, সাহাবী-তাবিয়ী ও উম্মাত

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. রাসূলুল্লাহ (ﷺ) ইলমের শহর ও আলী (রা) তার দরজা

আমাদের সমাজে বহুল প্রচলিত হাদীস:

أَنَا مَدِيْنَةُ الْعِلْمِ وَعَلِيٌّ بَابُهَا

"আমি জ্ঞানের শহর এবং আলী তার দরজা।"

এ হাদীসটিকে অভিজ্ঞ মুহাদ্দিসগণ বানোয়াট বলে উল্লেখ করেছেন। কেউ কেউ হাদীসটিকে মিথ্যা না বলে যয়ীফ বলে উল্লেখ করেছেন। ইমাম তিরমিযী এ অর্থে একটি হাদীস বর্ণনা করে নিজেই হাদীসটি দুর্বল বলে উল্লেখ করেছেন।[1] ইমাম বুখারী, আবু হাতিম, ইয়াহইয়া বিন সায়ীদ, যাহাবী প্রমুখ মুহাদ্দিস হাদীসটিকে ভিত্তিহীন মিথ্যা বলে উল্লেখ করেছেন।[2]

## ফুটনোট

[1] তিরমিযী, আস-সুনান ৫/৫৯৬।

[2] ইবনুল জাওযী, আল-মাউদূ'আত ১/২৬১-২৬৫; সুয়ূতী, আল-লাআলী ১/৩২৮-৩৩৬; মোল্লা আলী কারী, আল-আসরার, ৭১-৭২ পৃ, নং ২৫১, সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ১১৪-১১৬, যারকানী, মুখতাসারুল মাকাসিদ পৃ: ৬৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4850

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন